## প্রশিক্ষণার্থী নির্বাচনের সংক্ষিপ্ত মানদণ্ড

- IT Service Provider, Women Call Centre Agent, Women E-commerce Professional প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীদের ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি. পাশ।
- Women Freelancer প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি. পাশ।
- Women Freelancer প্রশিক্ষণের ক্ষেত্রে বিজ্ঞান বিভাগ এর ছাত্রীরা প্রশিক্ষণার্থী হিসেবে নির্বাচিত হওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্ত হবে।
- প্রশিক্ষণার্থীদের বয়স ১৮-৪০ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণার্থীদের আইসিটির মৌলিক জ্ঞান, দ্রুত শেখার ক্ষমতা এবং উদ্যোক্তা হওয়ার মানসিকতা থাকতে হবে।
- যারা ইতঃপূর্বে এই ধরনের প্রশিক্ষণ গ্রহণ করেছেন তারা এই প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসাবে নির্বাচিত হওয়ার জন্য বিবেচিত হবেন না।
- পাশাপাশি, সুবিধাবঞ্চিত, অনগ্রসরতা, দারিদ্রতা ও বিশেষ চাহিদা সম্পন্ন মেয়েদের অগ্রাধিকার দেওয়া হবে।

## প্রকল্পের ফলাফল

- তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নারীর দক্ষতা অর্জিত হবে, নতুন কর্মসংস্থান এর সৃষ্টি হবে অর্থাৎ অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে।
- উপজেলা পর্যায়ে আইসিটি সংশিষ্ট বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে প্রযুক্তি খাতে দক্ষ নারী কর্মী ও নারী উদ্যোক্তা তৈরি হবে।
- এতে নারীর ক্ষমতায়ন হবে এবং প্রযুক্তি খাতে নারী-পুরুষের সমান অংশগ্রহণের মাধ্যমে প্রযুক্তি জগতেরও উন্নয়ন ঘটবে।
- এছাড়া উপজেলা পর্যায়ের নারীদের প্রশিক্ষণের ফলে সামাজিক সচেতনতা বাড়বে ও আর্থসামাজিক উন্নয়ন ঘটবে।
- উপজেলায় বসবাসকারী প্রান্তিক ও অপেক্ষাকৃত কম সুবিধাভোগী নারীর কর্মসংস্থানের দ্বারা নারীর টেকসই ক্ষমতায়নের (হার পাওয়ার) একটি ধারাবাহিকতা সৃষ্টি হবে।
- প্রশিক্ষণের শেষে নারীদের জন্য একটি প্যাটফর্ম তৈরির মাধ্যমে সকল নারীদের একে অপরের সাথে সংযুক্ত থাকা, অভিজ্ঞতা বিনিময়, আইটি সংক্রান্ত সমস্যার সমাধানে পরামর্শ গ্রহণ, নেটওয়ার্কিং, নতুন কাজের সুযোগ ইত্যাদি নিশ্চিত করা হবে।
- সরকারি-বেসরকারি সংস্থার সাথে পার্টনারশীপ এর ফলে উপজেলা পর্যায়ের নারীদের প্রশিক্ষণ পরবর্তী কর্মসংস্থান এবং পরামর্শদানের মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত হবে।
- এ ধরনের সংস্থা নারীদের জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সংযোগ বাড়াতে ও কাজের সুযোগ করে দিতে যোগাযোগের ব্যবস্থা করবে।



## সাধারন জিজ্ঞাসা

১। এক জন প্রশিক্ষণার্থী কতটি বিষয়ে প্রশিক্ষণ নিতে পারবে?
উত্তরঃ যেকোনো একটি বিষয়ে প্রশিক্ষণ নিতে পারবেন।

২। এক জন প্রশিক্ষণার্থী কতটি বিষয়ে আবেদন করতে পারবে?
উত্তরঃ একাধিক বিষয়ে আবেদন করতে পারবে।

৩। প্রশিক্ষণের সময় কখন?
উত্তরঃ সকাল ৯ টা থেকে দুপুর ১ টা ও দুপুর ২ টা থেকে বিকাল ৬ টা পর্যন্ত যেকোনো একটি শিফটে।

৪। প্রশিক্ষণের ভেন্যু কোথায়?
উত্তরঃ উপজেলা পর্যায়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও বিশেষায়িত অন্যান্য ল্যাব।

৫। আবেদন করার জন্য কি কি তথ্য থাকা লাগবে?
উত্তরঃ এনআইডি নাম্বার, মোবাইল নাম্বার, ই-মেইলএড্রেস।

৬। আবেদন সম্পন্ন করতে হলে অন্যান্য কি কি তথ্য প্রদান করতে হবে?
উত্তরঃ শিক্ষাগত যোগ্যতার সনদ, স্বাক্ষর ও ছবি আপলোড করতে হবে।

৭। প্রশিক্ষণটি করতে কোন ফি প্রয়োজন হবে কিনা?
উত্তরঃ প্রশিক্ষণটি সম্পূর্ণ বিনামুল্যে প্রদান করা হবে।

৮। প্রশিক্ষণে কোন ভাতা প্রদান করা হবে কিনা?
উত্তরঃ যাতায়াত বাবদ ভাতা প্রদান করাহবে।

৯। প্রশিক্ষণের সময়কাল কত দিন?
উত্তরঃ ০৫ (পাঁচ) মাস ব্যাপী প্রশিক্ষণও ১ মাসব্যাপী মেন্টরশীপ প্রোগ্রাম।

১০। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে কিনা?
উত্তরঃ প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।

১১। সফল প্রশিক্ষণার্থীদের জন্য কোন পুরস্কারের ব্যবস্থা আছে কিনা?
উত্তরঃ সফল প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ শেষে ল্যাপটপ প্রদান করা হবে।

## যোগাযোগ

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স (এনএসটিএসসি) (১১ তলা), ই-১৩/ডি, ই, আগারগাঁও, ঢাকা-১২০৭
pdherpower@doict.gov.bd
+88 01723-014488
www.facebook.com/herpowerproject
www.herpower.gov.bd/

প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন

# প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন

প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন

**(Her Power Project: Empowerment of Women through ICT Frontier Initiative)**

## প্রকল্প পরিচিতি

প্রকল্পের নামঃ হার পাওয়ার প্রকল্প (**Her Power Project:** প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন)

**Her Power Project: Empowerment of Women through ICT Frontier Initiative**

| | |
|---|---|
| বাস্তবায়নকাল | ঃ ০১ জুলাই ২০২২ খ্রিঃ থেকে ৩০ জুন ২০২৫ খ্রিঃ। |
| বাস্তবায়নকারী | ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| পৃষ্ঠপোষক | ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |

## প্রকল্পের উদ্দেশ্য

তথ্য প্রযুক্তির সর্বোত্তম নিরাপদ ব্যবহার করে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা ও উদ্যোক্তা হিসাবে তাদের টেকসই ক্ষমতায়ন নিশ্চিত করা।

## প্রকল্প এলাকা

বাংলাদেশের ৪৩ টি জেলার সদর উপজেলাসহ মোট ৩টি উপজেলা (৪৩X৩=১২৯টি) এবং রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাসহ সর্বমোট ১৩০ টি উপজেলা। (নরসিংদী, গাজীপুর, শরীয়তপুর, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর, গোপালগঞ্জ, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া , চাঁদপুর, লক্ষীপুর, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, সিরাজগঞ্জ, নাটোর, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, সাতক্ষীরা, মেহেরপুর, নড়াইল, চুয়াডাঙ্গা, মাগুরা, বাগেরহাট, ঝিনাইদহ, ঝালকাঠি, পিরোজপুর, ভোলা, বরগুনা, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ, পঞ্চগড়, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, ঠাকুরগাঁও, রংপুর, কুড়িগ্রাম, শেরপুর, নেত্রকোণা)



প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন

## প্রশিক্ষণের ভেন্যু

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ভাষা প্রশিক্ষণ ল্যাব ও অন্যান্য।

## লক্ষ্যমাত্রা

❖ ৪৪টি জেলার মোট ১৩০ টি উপজেলায় তথ্য প্রযুক্তিতে নারীদের সক্ষমতা বৃদ্ধিতে চারটি ক্যাটাগরিতে মোট ২৫,১২৫ জন নারীকে ০৫ (পাঁচ) মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে।

❖ IT Service Provider হিসেবে ১০,৪০০ জন;
❖ Women Freelancer হিসেবে ১০,৪০০ জন;
❖ Women Call Centre Agent হিসেবে ১,০৭৫ জন;
❖ Women E-commerce Professional হিসেবে ৩,২৫০ জন।



❖ প্রশিক্ষণ শেষে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের নিয়ে ০১ (এক) মাসব্যাপ মেন্টরশীপ প্রোগ্রাম আয়োজন;

❖ তথ্য প্রযুক্তি প্রয়োগে নারীর ক্ষমতায়ন বিষয়ে কেন্দ্রীয় পর্যায়ে ২টি ও ৪৪টি জেলায় ১টি করে সর্বমোট ৪৬টি সেমিনার আয়োজন ও প্রচার;

❖ ২৫,১২৫ জন নারীকে আইসিটি পেশাজীবী এবং উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্য একটি একক নারী উদ্যোক্তা প্যাটফরম তৈরি;

❖ সরকারি, বেসরকারি বিভিন্ন সংস্থার সাথে পার্টনারশীপ স্থাপন এবং চাকুরী মেলার আয়োজন।

**প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন**

## IT Service Provider

❖ প্রতি উপজেলায় ৮০ জন করে ১৩০টি উপজেলায় ১০,৪০০ জন
❖ নারীকে IT Service Provider হিসেবে তৈরি করার প্রশিক্ষণ দেয়া হবে।
❖ প্রশিক্ষণের ব্যাপ্তি ৫ (পাঁচ) মাস।
❖ মোট তিনটি লেভেল-এ প্রশিক্ষন সম্পন্ন হবে।
❖ ৫ (পাঁচ) মাসের প্রশিক্ষনশীপ শেষে প্রশিক্ষণার্থীদের জন্য ০১ (এক) মাসব্যাপী মেন্টরশিপ প্রোগ্রাম আয়োজন করা হবে।
❖ প্রশিক্ষন শেষে সফল শিক্ষার্থীদের ল্যাপটপ প্রদান করা হবে।

## Women Freelancer

❖ প্রতি উপজেলায় ৮০ জন করে ১৩০টি উপজেলায় ১০,৪০০ জন নারীকে Women Freelancer হিসেবে তৈরি করার প্রশিক্ষণ দেয়া হবে।
❖ প্রশিক্ষণের ব্যাপ্তি ৫ (পাঁচ) মাস। মোট তিনটি লেভেল-এ প্রশিক্ষণ সম্পন্ন হবে।
❖ লেভেল-২ এ আবার নিম্নোক্ত তিনটি বিশেষায়িত ও স্বতন্ত্র বিষয়ের উপর নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হবে।

Graphics Design: ৪০ জন (২টি ব্যাচ)
Web Development: ২০ জন (১টি ব্যাচ)
Digital Marketing: ২০ জন ( ১টি ব্যাচ)

❖ উপর ৫ (পাঁচ) মাসের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের জন্য ০১ (এক) মাসব্যাপী মেন্টরশিপ প্রোগ্রাম আয়োজন করা হবে।
❖ প্রশিক্ষন শেষে সফল শিক্ষার্থীদের ল্যাপটপ প্রদান করা হবে।

## Women Call Centre Agent

❖ প্রতি জেলায় ২৫ জন করে ৪৩টি জেলায় ১,০৭৫ জন নারীকে Women Call Centre Agent হিসাবে তৈরি করার প্রশিক্ষণ দেয়া হবে।
❖ প্রশিক্ষণের ব্যাপ্তি ৫ (পাঁচ) মাস।
❖ মোট তিনটি লেভেল-এ প্রশিক্ষণ সম্পন্ন হবে।
❖ ৫ (পাঁচ) মাসের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের জন্য ০১ (এক) মাসব্যাপী মেন্টরশিপ প্রোগ্রাম আয়োজন করা হবে।
❖ প্রশিক্ষন শেষে সফল শিক্ষার্থীদের ল্যাপটপ প্রদান করা হবে।

## Women E-commerce Professional

❖ প্রতি জেলায় ২৫ জন করে ১৩০টি উপজেলায় ৩,২৫০ জন নারীকে Women E-commerce Professional হিসাবে তৈরি করার প্রশিক্ষণ দেয়া হবে।
❖ প্রশিক্ষণের ব্যাপ্তি ৫ (পাঁচ) মাস।
❖ মোট তিনটি লেভেল-এ প্রশিক্ষণ সম্পন্ন হবে।
❖ ৫ (পাঁচ) মাসের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের জন্য ০১ (এক) মাসব্যাপী মেন্টরশিপ প্রোগ্রাম আয়োজন করা হবে।
❖ প্রশিক্ষন শেষে সফল শিক্ষার্থীদের ল্যাপটপ প্রদান করা হবে।

**প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন**

## আবেদন প্রক্রিয়া

ধাপ-১. প্রথমে হার পাওয়ার প্রকল্পের অফিসিয়াল ওয়েবসাইট https://herpower.gov.bd/ তে ভিজিটকরুন।

ধাপ-২. কোর্সসমূহমেন্যুথেকে ৬টি কোর্সের মধ্য থেকে আপনার পছন্দের কোর্সটির নিবন্ধন বাটনে ক্লিক করুন।

ধাপ-৩. আপনাকে https://training.gov.bd/ নামক আরেকটি ওয়েব সাইটে আপনার পছন্দের প্রশিক্ষণটিতে নিয়ে যাওয়া হবে।

ধাপ-৪. 'চলমান ব্যাচ নির্বাচন করুন' অংশ হতে ড্রপ ডাউন মেন্যু হতে আপনার বিভাগ, জেলা ও উপজেলা নির্বাচন করুন।

ধাপ-৫. আপনার পছন্দের কোর্সের ব্যাচ তথ্য সম্বলিত একটি টেবিল প্রদর্শন করা হবে। যার ডান পাশে 'আবেদন করুন' নামে একটি বাটন পাবেন। বাটনটিতে ক্লিক করলে আগে থেকে লগইন করা না থাকলে 'আপনি লগইন অবস্থায় নেই' পপ আপ আসবে। এখান থেকে ' লগইন করুন' বাটনে ক্লিক করে লগইন করলে প্রশিক্ষণার্থীর সমস্ত তথ্য দেখাবে। সর্বশেষে "আমি সমস্ত পূর্বশর্ত সম্মত এবং প্রত্যয় যে সমস্ত প্রদত্ত তথ্য সত্য" নামক চেক বক্সে ক্লিক করে 'আবেদন জমা দিন' বাটনে ক্লিক করলে আপনার আবেদন সম্পন্ন হয়েছে এই মর্মে একটি পপ আসবে এবং আপনার আবেদনকৃত কোর্সের তালিকায় নিয়ে যাওয়া হবে।

ধাপ-৬. আগে থেকে https://training.gov.bd/ ওয়েব সাইটে প্রোফাইল না থাকলে উক্ত ওয়েব সাইটের হোম পেজ থেকে 'নিবন্ধন করুন' বাটনে ক্লিক করুন।

ধাপ-৭. আপনাকে একটি শর্তাবলী সম্বলিত পেজে নিয়ে যাবে। সেখানে "যদি আপনি মিথ্যা তথ্য প্রদান করেন, তবে আইনি ব্যবস্থা নেওয়া হবে। যদি আপনি অ্যাকাউন্ট তৈরি করতে সম্মতি প্রকাশ করেন, তবে অগ্রসর করুন; অন্যথায়, বাতিল করুন।" নামক একটি চেক বক্সে চেক করে এগিয়ে যান বাটনে ক্লিক করুন। আপনাকে নিবন্ধনধাপ ১/৩ এ নিয়ে যাওয়া হবে। এখানে আপনার মোবাইল নম্বর ও ক্যাপচার ফলাফল লিখে 'ওটিপি পাঠান' বাটনে ক্লিক করুন।

ধাপ-৮. আপনার মোবাইলে একটি ওটিপি যাবে। ওটিপিটি পরবর্তী ধাপে প্রবেশ করান এবং 'সাবমিট' বাটনে ক্লিক করুন। ওটিপি সঠিক হলে আপনাকে এনআইডি ভেরিফিকেশন ধাপে নিয়ে যাওয়া হবে। এখানে আপনার এনআইডি ও জন্ম তারিখ প্রবেশ করিয়ে 'যাচাই করুন' বাটনে ক্লিক করুন। এনআইডির তথ্য সঠিক হলে আপনাকে ড্যাশ বোর্ডে নিয়ে যাওয়া হবে।

ধাপ-৯. ড্যাশবোর্ড থেকে আপনার প্রোফাইলে গিয়ে আপনার সকল তথ্য আপডেট করুন ও https://herpower.gov.bd/ গিয়ে আপনার পছন্দের কোর্সে নিবন্ধন করুন।

**প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন**

# গজারিয়া উপজেলায় “প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” শীর্ষক ফ্রীল্যান্সিং প্রশিক্ষণ

## (Her Power Project: Empowerment of Women through ICT Frontier Initiative)

# সুখবর ! সুখবর ! ! সুখবর ! ! !

সকলের অবগতির জন্যে জানানো যাচ্ছে যে, গজারিয়া উপজেলাধীন ১৮-৪০বছর বয়সী নারীদের স্বাবলম্বী ও সফল ফ্রীল্যান্সার হিসেবে গড়ে তোলার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের Her Power Project এর আওতায় ফেজ-১’ এর মাধ্যমে Women E-Commerce Empowerment Professional ক্যাটাগরিতে ২৫জন নারীকে ৬(ছয়)মাস ব্যাপী ফ্রী প্রশিক্ষণ প্রদান করা হবে।




**শিক্ষাগত যোগ্যতাঃ**
**ন্যূনতম এস.এস.সি**
**বয়সঃ ১৮-৪০ বছর**
**সংখ্যাঃ ২৫জন**

### প্রয়োজনীয় কাগজপত্রঃ

১. জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন
২. চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদ
২. শিক্ষাগত যোগ্যতার সকল সনদ)
৩. সদ্য তোলা ছবি ও স্বাক্ষর
৪. মোবাইল নাম্বার (সচল)
৫. ইমেইল আইডি (সচল)
৬. মৌলিক কম্পিউটার প্রশিক্ষণ সনদ

https://herpower.gov.bd লিংকটি ভিজিট করে Women E-Commerce Empowerment Professional ক্যাটাগরি নির্বাচনপূর্বক অনলাইনে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, কোন ক্যাটাগরিতে আবেদন বেশি জমা হলে একটি প্রি-টেস্টের মাধ্যমে যাচাই বাছাই করে প্রার্থী নির্বাচন করা হবে।অসম্পূর্ণ/ভুল/কোন সনদ ভুয়া প্রমাণিত হলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে। বিজ্ঞান বিভাগ থেকে পাশ করা/মৌলিক কম্পিউটার প্রশিক্ষণ থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন উপার্যন করতে পারা প্রশিক্ষণার্থীদের ১টি করে ল্যাপটপ উপহার প্রদান করা হবে।

বিশেষ দ্রষ্টব্য:
Women E-Commerce Empowerment Professional ক্যাটাগরি দিয়ে ফেজ-১” এর কার্যক্রম শুরু হতে যাচ্ছে। প্রশিক্ষণ শুরু হবে আগামী ১ অক্টোবর, ২০২৩। এই ক্যাটাগরিতে আবেদন করার শেষ সময় আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৫ অক্টোবর, ২০২৩ তারিখ সারাদেশে একযোগে Her Power Project এর শুভ উদ্বোধন ঘোষণা করবেন মর্মে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

প্রয়োজনে যোগাযোগ করুন: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর/উপজেলা ডিজিটাল সেন্টার, গজারিয়া, মুন্সীগঞ্জ

নির্দেশনায়ঃ
উপজেলা নির্বাহী অফিসার
গজারিয়া, মুন্সীগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ।
https://gajaria.munshiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯২৪.০০২৩০৯.২২-৪০৬

তারিখ: ২৩ ভাদ্র, ১৪৩০
১৮ সেপ্টেম্বর, ২০২৩

বিষয়: প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন (Her Power Projecter) এর মাধ্যমে ৬(ছয়) মাস ব্যাপী ফ্রীল্যান্সিং প্রশিক্ষণে নারীদের অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ ও ব্যাপক প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ১৩০ টি উপজেলায় সর্বমোট ২৫.১২৫ জন নারীকে তথ্য প্রযুক্তিতে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোট ২৫.১২৫ জন নারীকে ৬ মাস ব্যাপি প্রশিক্ষণ প্রদান কর হবে। প্রতি উপজেলায় ৫টি ক্যাটাগরিতে প্রশিক্ষন গ্রহণ করতে পারবে। বিস্তারিত ছক আকারে উল্লেখ করা হলো।

| ক্রমিক নং | ক্যাটাগরি | যোগ্যতা ( বয়স: ১৮-৪০ ) | সংখ্যা | ব্যাচ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | IT Service Provider Course | এস.এস.সি | ৮০ জন | ৪টি | প্রতি ব্যাচে ২০জন (দুপুর ২.০০ ঘটিকা থেকে সন্ধ্যা ৬.০০ ঘটিকা পর্যন্ত ক্লাস চলবে।) |
| ২ | Woman Freelancer Graphics Design | এইচ.এস.সি | ৪০জন | ২টি | |
| ৩ | Woman Freelancer Digital Marketing | এইচ.এস.সি | ২০জন | ১টি | |
| ৪ | Woman Freelancer Web Design and Development | এইচ.এস.সি | ২০জন | ১টি | |
| ✓ | Women E-commerce Professional | এস.এস.সি | ২৫জন | ১টি | |

উল্লেখ্য যে, প্রশিক্ষণ শেষে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের নিয়ে ১(এক) মাসব্যাপী মেন্টরশীপ প্রোগ্রাম আয়োজন করা হবে একইসাথে তথ্য প্রযুক্তি প্রয়োগে নারীর ক্ষমতায়ন বিষয়ে কেন্দ্রীয় পর্যায়ে ২টি ও ৪৪টি জেলায় ১টি করে সর্বমোট ৪৬টি সেমিনারের আয়োজন করা হবে পাশাপাশি এই ২৫,১২৫জন নারীকে আইসিটি পেশাজীবি এবং উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্যে একটি একক নারী উদ্যোক্তা প্লাটফর্ম তৈরি এবং সরকারি, বেসরকারি বিভিন্ন সংস্থার সাথে পার্টনারশীপ স্থাপন এবং চাকুরী মেলার আয়োজন করা হবে। https://herpower.gov.bd/ নির্দিষ্ট ক্যাটাগরি নির্বাচনপূর্বক অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর, ২০২৩।

প্রয়োজনীয় কাগজপত্র: জাতীয় পরিচয়পত্র/শিক্ষাগত যোগ্যতার সনদ/ছবি/ডিজিটাল স্বাক্ষর/নাগরিক সনদ ইত্যাদি। আগ্রহী প্রার্থী যে কোন কম্পিউটারের দোকান অথবা ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে আবেদন করতে পারবে।

এমতাবস্থায় আপনার ইউনিয়নে নারী ক্ষমতায়ন ও স্বাবলম্বী করার লক্ষ্যে (শর্তাধীন) সকল নারীকে উদ্বুদ্ধকরণ ও ব্যাপক প্রচারের জন্যে অনুরোধ করা হলো।

১৮.০৯.২০২৩
(মোঃ আব্দুল্লাহ আল মাহফুজ)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
প্রশিক্ষণার্থী বাছাই ও মনিটরিং কমিটি
(হার পাওয়ার প্রকল্প)
গজারিয়া, মুন্সীগঞ্জ।
ফোন: ০১৭৬২-৬৮৭২৫৭
unogajaria.@gmail.com

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৩। চেয়ারম্যান, .................................... ইউনিয়ন পরিষদ(সকল), গজারিয়া, মুন্সীগঞ্জ।
৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গজারিয়া, মুন্সীগঞ্জ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,.................................................., গজারিয়া, মুন্সীগঞ্জ
৭। জনাব .................................................., গজারিয়া, মুন্সীগঞ্জ।
৮। অফিস কপি।